

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৭৪৪

তারিখ : ২৩-১২-২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

একাদশ জাতীয় সংসদ নির্বাচন আগামী ৩০ ডিসেম্বর, ২০১৮ তারিখ অনুষ্ঠিত হবে। ১৯৮৩ সালের মোটর ভেহিক্যালস অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)- এর ৮৮ ধারা অনুযায়ী একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৯ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে :

- |                                      |            |                                     |
|--------------------------------------|------------|-------------------------------------|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক | (৫) পিক আপ | (৯) টেম্পো                          |
| (২) ট্যাক্সি ক্যাব                   | (৬) কার    | (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের |
| (৩) মাইক্রোবাস                       | (৭) বাস    | বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন         |
| (৪) জীপ                              | (৮) ট্রাক  |                                     |

০২. এছাড়া, ২৮ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০১ জানুয়ারি, ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।


০৩. এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪. বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫. এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬. তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ লিয়াকত আলী)


সহকারী সচিব

ফোন : ৯৫৪৫৪৬৯

অপর পাতায় দ্রষ্টব্য

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, .....(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
০৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৫. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৬. সচিব.....(সকল) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
০৭. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (ইহার সহিত তাঁর ২০-১২-২০১৮ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৫.১৮ অংশ-৪)-৮২৪ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)।
০৮. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা।
০৯. চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
১০. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১২. মহাপরিচালক, র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), র্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা।
১৩. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ..... (সকল)।
১৪. উপ-মহাপুলিশ পরিদর্শক, .....(সকল রেঞ্জ)।
১৫. জেলা প্রশাসক, .....(সকল)।
১৬. পুলিশ সুপার, ..... (সকল)।
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....(সকল)।
১৮. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৯. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০(তিনশত) কপি জরুরীভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।)
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .....(সকল)।
২১. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২২. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, .....(সকল)
২৩. জেলা তথ্য অফিসার, .....(সকল)
২৪. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি সড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

  
(মোঃ লিয়াকত আলী)  
সহকারী সচিব